# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৯৯

২৫/ চিকিৎসা (كتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/২৬. যে ব্যক্তি বেজোড় সংখ্যকবার সুরমা লাগায়

بَاب مَنْ اكْتَحَلَ وِتْرًا

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، عَنْ عَبَّادِ بْنِ مَنْصُورٍ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ كَانَتْ لِلنَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ مُكْحُلَةٌ يَكْتَحِلُ مِنْهَا ثَلاَثًا فِي كُلِّ عَيْنٍ ‏.‏

বাংলা

২/৩৪৯৯। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর একটি সুরমাদানি ছিল। তিনি তা থেকে প্রতি চোখে তিনবার করে সুরমা লাগাতেন।

## English

It was narrated that Ibn ‘Abbas said:
“The Prophet (ﷺ) had a kohl container from which he would apply kohl three times, to each eye.”

ফুটনোট

তিরমিযী ২০৪৮, ইরওয়া ৭৬, মুখতাসারুশ শামাইল ৪২, মিশকাত ৪২৭২। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী আব্বাদ বিন মানসুর সম্পর্কে আবু বাকর আল-বাযযার বলেন, তিনি ইকরিমাহ থেকে হাদিস শ্রবন করেননি অথচ তিনি তার থেকে একাধিক হাদিস বর্ণনা করেছেন। আবু জা'ফার আল-উকায়লী বলেন, তিনি দুর্বল। আবু হাতিম আর-রাযী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে তার কাদারিয়্যা মতাবলম্বী হওয়ার ব্যাপারে অভিযোগ রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩০৯৩, ১৪/১৫৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44463

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন